

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮-৫১

তারিখ: ৩ কার্তিক ১৪২৭

১৯ অক্টোবর ২০২০

বিষয়: শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বিজ্ঞান) কে অডিট আপত্তি থেকে অব্যাহতি প্রদানের নিমিত্ত চাহিত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ০১. ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮.৭১, তারিখ: ২১.১০. ২০১৮ খ্রি.।

০২. জনাব মো: জবেদ আলী (অব:), সহকারী শিক্ষক (বিজ্ঞান) কর্তৃক আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও ০১ নং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলার কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব এর উপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর চূড়ান্ত মতামত ও নির্দেশনা প্রদান করে ডিজি, ডিএমই এবং অধ্যক্ষ, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসায় পত্র প্রেরণ করা হয়।

০২. উল্লেখ্য, উক্ত পত্রের ৫ এর ক অনুচ্ছেদে বলা হয়েছে উক্ত মাদ্রাসাটিতে সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে জনাব মো: জবেদ আলী এর নিয়োগ সংক্রান্ত যাবতীয় মূল তথ্যাদি (নিয়োগ বিজ্ঞপ্তি, সভার রেজুলেশন, টেবুলেশন শীট, নিয়োগ আদেশ, যোগদানপত্র ইত্যাদি) প্রদান করার জন্য অধ্যক্ষ, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসাকে অনুরোধ করা হয়।

০৩. আরো উল্লেখ্য, উক্ত পত্রটি ২১/১০/২০১৮ খ্রি. তারিখে প্রেরণ করা হলেও অদ্যাবধি ডিজি, ডিএমই বা অধ্যক্ষ, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা কর্তৃক কোন সদুত্তর টিএমইডি-তে পাওয়া যায়নি যা সুস্পষ্ট দায়িত্ব অবহেলার সাক্ষ্য।

০৪. এফগে, ০২ নং সূত্র মোতাবেক কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বিজ্ঞান) কর্তৃক তাঁর আবেদনে উল্লেখ করেন যে, তিনি গত ৩০/০৪/২০২০ খ্রি. তারিখের তাঁর দায়িত্ব থেকে অবসর গ্রহণ করেন। তাঁর বিরুদ্ধে আনীত অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়ায় প্রতিষ্ঠানের বর্তমান সভাপতি জেলা প্রশাসক, শেরপুর অবসর ও কল্যান ট্রাস্টের প্রয়োজনীয় কাগজ পত্রে প্রতিস্বাক্ষর করছেন না। তাই টিএমইডি থেকে চাহিত তথ্য (প্রমাণকসহ) তাঁর আবেদনের সাথে সংযুক্ত করে উক্ত আপত্তি হতে নিষ্পত্তি চেয়ে অনুরোধ করেছেন।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়টি বিবেচনা নিয়ে জনাব মো: জবেদ আলী (অব:) সহকারী শিক্ষক (বিজ্ঞান)-এর বিরুদ্ধে কোন আপত্তি অনিষ্পন্ন আছে কিনা? থাকলে উক্ত অনিষ্পন্ন আপত্তির নিষ্পত্তির লক্ষ্যে বিএসআর উক্ত মাদ্রাসা হতে সংগ্রহক্রমে আগামি ০৫.১১.২০ খ্রি: এর মধ্যে (ডিজি, ডিএমই এর মতামতসহ) আবশ্যিকভাবে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী

১৯-১০-২০২০

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও
১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮-৫১/১(৭)

তারিখ: ৩ কার্তিক ১৪২৭
১৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতি:সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) অফিস কপি, মাষ্টার কপি।



১৯-১০-২০২০

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব